# Teachers' Role in Teaching

- শিক্ষণ প্রক্রিয়ায় শিক্ষকের ভূমিকা গুরুত্বপূর্ণ।
- আধুনিক শিক্ষাবিজ্ঞানে শিক্ষণ প্রক্রিয়াকে বহুমুখী বলে উল্লেখ করা হয়;
- শিক্ষক, শিক্ষার্থী, পাঠক্রম, শিক্ষণ কৌশল ইত্যাদি সবই শিক্ষণ প্রক্রিয়ার অন্তর্ভুক্ত,
- শিক্ষণ প্রক্রিয়ায় শিক্ষকের ভূমিকা প্রধানত তিনটি :-

- Teacher as a Facilitator

- শিক্ষক পাঠ্যবিষয়কে সহজ ও সুন্দরভাবে শিক্ষার্থীদের কাছে তুলে ধরেন,
- শিক্ষার্থীদের বয়স, বোধগম্যতার স্তর ও পাঠ্যবিষয়ের চাহিদা অনুযায়ী তিনি পাঠদানের কৌশল স্থির করেন,
- শ্রেণীকক্ষে যাতে সকল শিক্ষার্থী - অবাধ ভাবে বাধা অতিক্রম করে স্বাভাবিক শিক্ষালাভ করতে পারেন তার ব্যবস্থা করতে হবে,
- শ্রেণীকক্ষে- কোনো বিষয় যদি শিক্ষার্থীরা বুঝতে না পারে, তবে তিনি তা খুঁটে খুঁটে আবার বোঝাবার চেষ্টা করবেন,
- প্রয়োজনে বক্তব্যকে একাধিকবার উপস্থাপন করবেন,

• প্রয়োজনে বক্তব্যকে একাধিকবার উপস্থাপন করবেন,

••• <u>Teacher</u> as <u>a</u> <u>communicator</u>

• এখানে শিক্ষক মূলত সংযোগকারী,

• বিষয়ের তথ্য, জ্ঞান ও দক্ষতা আয়ত্ত করার জন্য শিক্ষার্থীদের মধ্যে প্রেরণা সঞ্চার করেন,

• শিক্ষাক্ষেত্রে অভিনয় এবং খেলার কৌশল ব্যবহার করেন।

Scanned with CamScanner

• আধুনিক সংযোগ রক্ষাকারীর ভূমিকা পালন করার জন্য শিক্ষককে বিভিন্ন ধরনের উপকরণ – যেমন চার্ট, মডেল, projector, টেপরেকর্ডার ব্যবহার করবেন,

• শিক্ষক কেবল জ্ঞানদান করবেন না, শিক্ষার্থী যাতে নিজে শেখে, অনুভূতি যাতে সুসংগঠিত হয় সেই চেষ্টা করবেন.

• শিক্ষক হবেন এখানে রোল-মডেল,

## Teacher as a Mediator

• শিক্ষক বিষয়বস্তু ও শিক্ষার্থীর মধ্যে সেতু রচনা করেন,

• তিনি পরিস্থিতি বিবেচনা করে বিদ্যার্থীদের মধ্যে প্রয়োজন অনুযায়ী পৌঁছে দেন,

• শিক্ষক বিদ্যার্থীদের প্রস্তুত করে, আগ্রহ সৃষ্টি করে ও পূর্ব অভিজ্ঞতার সাথে সংযোগ ঘটিয়ে সহজ ভাষায় বিষয়বস্তুকে বিদ্যার্থীর নিকট উপস্থাপন করে.

• প্রয়োজন মত শিক্ষণ সহায়ক উপকরণ ও প্রযুক্তির সাহায্য গ্রহণ করে,

Scanned with CamScanner

## 2.1.6. শিক্ষকের পেশাগত নৈতিকতা (Professional Ethics of Teachers)

শিক্ষকতা একটি মহান পেশা। এই মহান পেশায় নিযুক্ত ব্যক্তিদের কিছু কিছু নীতি নিয়ে চলতে হয়। এই নীতিগুলি শিক্ষকের মেনে চলা জরুরি, কারণ তিনিই একমাত্র ব্যক্তি যিনি শিক্ষার্থীদের মধ্যে মূল্যবোধ জাগ্রত করতে পারেন। এখানে আমরা সেই নীতিগুলিই মেনে চলব।

1. **সত্যবাদিতা:** শিক্ষক মহাশয়ের সব সময় সত্য কথা বলা উচিত। নচেৎ 'সদা সত্য কথা বলিবে' এইসব উপদেশমূলক বাক্য শিক্ষার্থীদের কোনো কাজে আসবে না।
2. **নিরপেক্ষতা:** শিক্ষক মহাশয় সবসময় নিরপেক্ষভাবে ছাত্রছাত্রীদের বিচার করবেন। যদি কোনো শিক্ষার্থী ভুল করে তাহলে তাকে অবশ্যই শাস্তি দেবেন, আবার কেউ ভালো কাজ করলে তার প্রশংসা করতে ভুললে চলবে না। তাই শাস্তি হোক বা প্রশংসা হোক, সব সময় তাঁর নিরপেক্ষতার নীতি অবলম্বন করে চলা উচিত।
3. **প্রাইভেট টিউশন না করা:** শিক্ষক মহাশয় কখনোই অর্থের বিনিময়ে প্রাইভেট টিউশন করবেন না। তিনি শিক্ষার্থীদের প্রয়োজনে বিদ্যালয়ের অনুমতিক্রমে বিনা পারিশ্রমিকে বিশেষ কোচিং ক্লাস নিতে পারেন।
4. **নিজ স্বার্থে শিক্ষার্থীদের ব্যবহার না করা:** শিক্ষক মহাশয় কখনোই ব্যক্তিগত কাজে শিক্ষার্থীদের ব্যবহার করবেন না। অর্থাৎ তাঁর কখনোই ছাত্রছাত্রীদের কাছ থেকে অবাঞ্ছিত সুযোগ (Undue advantage) নেওয়া উচিত নয়।
5. **যথাযথ সম্মান প্রদর্শন:** শিক্ষক মহাশয় অভিভাবক, প্রধান শিক্ষক, পরিচালন সমিতির সদস্য এবং সমাজের অন্যান্য ব্যক্তিদের প্রতি যথাযথ সম্মান প্রদর্শন করবেন। অপরকে সম্মান না দিলে তিনি কখনোই ছাত্রছাত্রীদের কাছ থেকে সম্মান আদায় করতে পারবেন না। তাঁর ভাষাও রুচিশীল ও মার্জিত হওয়া উচিত।
6. **অপরাধমূলক কাজ থেকে বিরত থাকা:** সমাজের বিভিন্ন ধরনের অপরাধমূলক কাজ, যেমন—জুয়া খেলা, মাদক দ্রব্য সেবন করা ইত্যাদি থেকে শিক্ষক মহাশয়ের সবসময় দূরে থাকা উচিত। কারণ, শিক্ষার্থীরা শিক্ষক মহাশয়কে আদর্শ মানুষ হিসেবে গণ্য করে। এ ছাড়াও অন্যান্য অপরাধমূলক কাজও তাঁকে এড়িয়ে যেতে হবে।
7. **গোপনীয়তা:** গোপন কাজের গোপনীয়তা শিক্ষক মহাশয়ের নৈতিক কর্তব্যের মধ্যে পড়ে। মূল্যায়ন সংক্রান্ত বিভিন্ন ধরনের কাজ, যেমন—প্রশ্নপত্র তৈরি, শিক্ষার্থীদের পরীক্ষায় প্রাপ্ত নম্বর ইত্যাদির ব্যাপারে যথেষ্ট গোপনীয়তা রক্ষা করে চলা উচিত।

উপরে বর্ণিত নৈতিকতাগুলি ছাড়া সমাজের রীতিনীতি মেনে চলার আদর্শও শিক্ষকের অনুসরণ করা উচিত। শিক্ষার্থীদের মূল্যবোধ জাগ্রত করার মাধ্যমে শিক্ষক সমাজকে এগিয়ে নিয়ে যাবেন।

Scanned with CamScanner

## Role of Teacher ~~Education~~

শিক্ষা জগতের কান্ডারী হলেন শিক্ষক।

- তিনি শিক্ষাক্ষেত্রে এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।
- বিদ্যালয়গত শিক্ষার্থীর মনোভাব, অভ্যাস, রীতিনীতি, চরিত্রগঠন, ব্যক্তিত্বের বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

- তাই বিভিন্ন চিন্তাবিদ, দার্শনিক শিক্ষক সম্পর্কে বিভিন্ন দৃষ্টিভঙ্গী উপস্থাপন করেছেন →

1) John Adams বলেছেন, 'একজন শিক্ষক শিক্ষার্থীকে সামগ্রিক রূপে উন্নতি করার চেষ্টা করে, যা নির্দিষ্ট রূপে কার সম্ভব হবে তা নিশ্চিত রূপে বলা যায় না'!

Alexander এর মতে, শিক্ষক হলেন সেই যিনি শিক্ষার্থী সমাজকে আলোকিত করেন এবং যিনি নিজমতো সমৃদ্ধ।

Rabindranath Tagore ". If there is any profession of paramount importance, I believe it is that of the school master";

উপরোক্ত সংজ্ঞাগুলি পর্যালোচনার দ্বারা বলা যায়, সমাজের উন্নয়ন ও কল্যাণে শিক্ষকের ভূমিকা গুরুত্বপূর্ণ। →

- শিক্ষক হলেন সমাজের একজন সদস্য,
- তিনি শিক্ষার্থী ও সমাজের উন্নয়নে দায়বদ্ধশীল,

Scanned with CamScanner

• যিনি গণতান্ত্রিকতার আদর্শ নীতি ধর্ম সম্পন্ন হয়ে থাকে,

একজন আদর্শ শিক্ষকের দুপ্রকার ভূমিকা লক্ষ্য করা যায় → ① বিদ্যালয়ে শিক্ষার্থীদের শিক্ষাগুরু ও পারিবারিক রূপে গড়ে তোলা,

② out side school - as social Worker.

## Teachers' multifactor Role:-

1) confident : একজন শিক্ষক ~~সুশিক্ষক~~ ~~রূপে~~ ছাত্রদের সাথে উপযুক্ত বিশ্বাস গড়ে তুলবেন,

• যা থেকে - ছাত্র সমাজের কাছে উপযুক্ত পরিচিতি লাভে সাহায্য করবে,

• সাধারণত ছাত্ররা নিজ সমস্যা গুলি শিক্ষকের কাছে উপস্থাপন করতে পারবে,

2. Democratic → তিনি গণতান্ত্রিক মূল্যবোধ সম্বন্ধে অবগত হবেন, যার দ্বারা তিনি ছাত্রসমাজকে গণতান্ত্রিক বোধ গড়ে তুলতে পারবেন,

3. Ego supporter → তিনি ছাত্রছাত্রীদের সাথে সুস্থ অহম/ ego বোধ গড়ে তুলবেন,

• ~~সাথে~~ যা শিক্ষার্থী আত্মবিশ্বাসী- রূপে গড়ে তুলবে,

4 Friend and philosopher

5. Group leader → উপযুক্ত নীতি রেখা ও তার সমাধান গড়ে তুলতে সাহায্য করবে,

Scanned with CamScanner

(3)

· parent substitute → with affection (ভালবাসা) and care.

7. Role model = তিনি আচরণে সম্মানে, সহনশীল হবেন, কারণ ও আচরণসমূহ ছাত্রছাত্রীদের দৈনন্দিন জীবনে প্রভাব বিস্তার করে,

8. Judge:– academic and others performance.

9. Good memory, good voice, patience.

একজন কার্যকরী শিক্ষক হতে গেলে হলে যোগ্যতাত শিক্ষকটির কার্যকারিতা প্রকাশ পেয়ে –

~~শিক্ষার্থীর গুণ ও বৈশিষ্ট্য~~

শিক্ষকের গুণগত বৈশিষ্ট্য নিম্নরূপ →

1) Love of profession

- প্রত্যেক শিক্ষক তার পেশার গুরুত্ব উপলব্ধি ~~করতে~~ শিক্ষা করবেন,
- কারণ তিনি গোটা সমাজ জাতির কারিগর,
- তিনি যদি শিক্ষাদানের প্রক্রিয়াকে নিছক একটি কর্ম রূপে গ্রহণ করেন তবে কখনওই তিনি সমাজ কল্যাণের জন্য নিযুক্ত হতে পারবেন না,
- এই প্রসঙ্গে Secondary education commission বলেছেন, →

' শিক্ষকতা একটি অর্থ উপার্জনকারী মাধ্যম নয় এটি হল গুরুত্বপূর্ণ ~~শিক্ষকতা~~ সমাজ-সেবার এক অঙ্গ:

2) Love for children

বলা হয় যদি শিক্ষক মনোযোগ ছেলে অথবা মেয়ে শিক্ষার্থীর কোন একটিকে

Scanned with CamScanner

(4)

গুণ— এ কারণে তবে তাকে শিক্ষকতার পেশা থেকে অব্যাহতি দেওয়া প্রয়োজন।

- একজন ভালো শিক্ষক শিশুর কাছে আদর্শস্থানীয় হয়ে উঠতে পারেন উৎসাহ, আনন্দ— শিক্ষার্থীদের সাফল্যের হাতে তুলে দেন,
- তাই বলা হয় 'শিক্ষককে যদি তুমি ভালোবাস তবে শিশুটিও তোমায় ভালোবাসবে',

Knowledge of child and educational psychology :—

solve problems of education.
child development.

Mastery of the subject matter :—

- শিক্ষক যে বিষয়ে শিক্ষাদান করবেন ঐ বিষয়ে উপযুক্ত জ্ঞানমূলক গভীরতা থাকা প্রয়োজন,
- এ না থাকলে শিক্ষার্থীর সাথে বিষয় সম্পর্কে সন্দেহ তৈরী হবে,

method of teaching—

শিক্ষকতার ওপর গুরুত্বপূর্ণ দিক হল শিক্ষণ-পদ্ধতি—

কারণ যে শিক্ষক আকর্ষণীয় বোধগম্য-পদ্ধতি অনুসরণ করবেন তিনি ভালো ফলাফল তুলে আনতে পারবেন.

Scanned with CamScanner

## Preparation

- শিক্ষক মহাশয় যে বিষয় উপস্থাপন করবেন- সেই বিষয়গুলিকে আগে systematic উপায়ে বিষয়টি আয়ত্তে রাখবেন,

- কারণ এর দ্বারা শিক্ষক মহাশয় বিষয়টি সহজ-কঠিন এইভাবে যেমন উপস্থাপন করতে পারবে তেমন বিষয়টিও শিক্ষার্থীর কাছে- আকর্ষণীয় হয়ে উঠবে,

Skill of questioning - প্রশ্ন করার দক্ষতা থাকা প্রয়োজন,

Thurst of Knowledge - from books., experiment →

- তাছাড়া যেমন Educational Seminars, refreshers course etc.

Punctuality - নিয়মানুবর্তিতা - শিক্ষকদের - শেখার অনুশীলন দিবে, উপযুক্ত সময়ে ক্লাসে উপস্থিতি বিদ্যালয় পরিবেশকে সুশৃঙ্খল করে তোলে,

শিক্ষক যদি ক্লাসে দেরী করে আসেন বা দেরী করে ক্লাস থেকে যান, তবে পরবর্তীকালে ~~শিক্ষকের~~ শিক্ষার্থীর মধ্যেও এই প্রবণতা গড়ে ওঠে।

—— x ——

Scanned with CamScanner

### 2.1.8. শিক্ষকের কর্তব্য (Duties of Teachers)

প্রধান শিক্ষকের মতো শিক্ষকের দায়িত্বকেও আমরা নিম্নলিখিতভাবে ভাগ করতে পারি।

A. শিক্ষামূলক কর্তব্য (Academic duties)।

B. পরিকল্পনামূলক কর্তব্য (Planning duties)।

C. পরিচালনমূলক কর্তব্য (Organizing duties)।

D. তত্ত্বাবধানমূলক কর্তব্য (Supervising duties)।

Scanned with CamScanner

E. নির্দেশনামূলক কর্তব্য (Guidance duties)।

F. পরীক্ষা সংক্রান্ত কর্তব্য (Examination duties)।

### A. শিক্ষামূলক কর্তব্য (Academic duties)

শিক্ষকদের প্রধান কাজ হল শিক্ষাদান করা। তাঁর শিক্ষামূলক দায়িত্বগুলি নিম্নরূপ—

1. শ্রেণিকক্ষে আধুনিক পদ্ধতি অনুযায়ী পাঠ পরিচালনা করা।
2. যথোপযুক্ত দৃষ্টি-শ্রাব্য (Audio-visual) প্রদীপন ব্যবহার করে পাঠদান করা।
3. শ্রেণিকক্ষের জন্য উপযুক্ত পাঠ্যবিষয় নির্বাচন করা ও ওই পাঠ্যবিষয়টিকে কার্যকারীভাবে শিক্ষার্থীদের মধ্যে সঞ্চালন করা।
4. শিক্ষার্থীদের মধ্যে অনুপ্রেরণার সঞ্চার করা, যাতে তারা পাঠে মনোযোগী হয়।
5. শ্রেণিকক্ষে শৃঙ্খলা বজায় রাখা।
6. পাঠদানকালে যথোপযুক্ত প্রশ্ন জিজ্ঞাসা করা ও প্রশ্নোত্তরের মাধ্যমে বিষয়বস্তুকে এগিয়ে নিয়ে যাওয়া।
7. ছাত্রছাত্রীদের গৃহকাজ (Home task) দেওয়া এবং সেইগুলিকে পুঙ্খানুপুঙ্খভাবে মূল্যায়ন করা।
8. ধারাবাহিকভাবে ছাত্রছাত্রীদের মূল্যায়ন করা।
9. ছাত্রছাত্রীদের প্রত্যেককে আলাদা আলাদা করে পর্যবেক্ষণ করা, যাতে প্রত্যেকের অগ্রগতি সম্পর্কে ওয়াকিবহাল থাকা যায়।

### B. পরিকল্পনামূলক কর্তব্য (Planning duties)

শিক্ষক পেশাগত সাফল্য অর্জনের জন্য বিভিন্ন রকম পরিকল্পনা করে থাকেন, যেমন—

1. তিনি সর্বপ্রথম নির্দিষ্ট শ্রেণির পাঠ্যবিষয়কে বিশ্লেষণ করে দৈনিক পাঠ পরিকল্পনা (Lesson Plan) রচনা করেন।
2. শ্রেণিকক্ষে কীভাবে দৃষ্টি-শ্রাব্য (Audio-visual) প্রদীপন ব্যবহার করা যাবে সেই সংক্রান্ত পরিকল্পনা করা শিক্ষকের কর্তব্য।
3. সময়তালিকা রচনার ক্ষেত্রে শিক্ষকের সংখ্যা, পাঠ্যবিষয়, শ্রেণিকক্ষ সংখ্যা ইত্যাদি সম্পর্কে তাঁকে পরিকল্পনা করতে হয়।
4. প্রাতিষ্ঠানিক পরিকল্পনা রচনার ক্ষেত্রে তিনি প্রধান শিক্ষককে যথাসাধ্য সহায়তা করেন।

### C. পরিচালনমূলক কর্তব্য (Organizing duties)

শিক্ষক মহাশয়কে নিম্নলিখিত কাজগুলি সুদক্ষভাবে পরিচালনা করতে হয়।

1. বিভিন্ন পাঠক্রমিক ও সহপাঠক্রমিক কার্যাবলি পরিচালনা।
2. পাঠাগার ও পরীক্ষাগার পরিচালনা।
3. বিদ্যালয়ের সৌন্দর্যায়ন (Beautification) বৃদ্ধির জন্য বিভিন্ন ধরনের কার্যাবলি পরিচালনা।

Scanned with CamScanner

### D. তত্ত্বাবধানমূলক কর্তব্য (Supervising duties)

1. বিদ্যালয়ে ছাত্রছাত্রীদের উপস্থিতি লক্ষ রাখা এবং রেকর্ড করা প্রয়োজন। কোনো ছাত্রছাত্রী বিদ্যালয়ে অনিয়মিত হয়ে পড়ছে কিনা সেই ব্যাপারে তত্ত্বাবধান করাও শিক্ষকের কর্তব্য।
2. ছাত্রছাত্রীদের পরীক্ষাগারের কাজকর্ম তত্ত্বাবধান করা।
3. ছাত্রছাত্রীরা বাড়ির কাজ (Home work) ঠিকঠাক করছে কিনা তা দেখভাল করা।
4. শিক্ষার্থীরা খেলাধুলায় অংশগ্রহণ করছে কিনা তা তদারকি করা।
5. ছেলেমেয়েদের হোস্টেল পরিদর্শন করা এবং তাদের সুবিধা ও অসুবিধা সম্বন্ধে খোঁজখবর নেওয়া।
6. বিদ্যালয়ে শৃঙ্খলা রক্ষিত হচ্ছে কিনা তা দেখভাল করা।

### E. নির্দেশনামূলক দায়িত্ব (Guidance duties)

শিক্ষক মহাশয় ছাত্রছাত্রীদের বিভিন্ন ধরনের নির্দেশনামূলক দায়িত্ব পালন করেন। যথা—

1. পাঠ্যপুস্তক নির্বাচনে শিক্ষার্থীদের যথাযথ নির্দেশনা দেওয়া।
2. সহপাঠক্রমিক কার্যাবলি নির্বাচনে সহায়তা করা।
3. ধীরগামী শিশু (Slow learner), উন্নত শিশু (Gifted child) ও প্রতিবন্ধী শিশুদের শিক্ষার জন্য তিনি আলাদা আলাদাভাবে নির্দেশনা দিয়ে থাকেন।

### F. পরীক্ষা সংক্রান্ত কর্তব্য (Examination duties)

পরীক্ষা সংক্রান্ত নিম্নলিখিত কাজগুলি শিক্ষক মহাশয়কে পালন করতে হয়—

1. প্রশ্নপত্র তৈরি করা।
2. পরীক্ষা গ্রহণের জন্য নির্দিষ্ট কর্মসূচি প্রণয়ন করা।
3. পরীক্ষা চলাকালীন ইনভিজিলেটরের (Invigilator) ভূমিকা পালন করা।
4. উত্তরপত্র মূল্যায়ন করা।
5. পরীক্ষার ফলাফল প্রকাশে সহায়তা করা।
6. পরীক্ষার ফলাফল রেকর্ড করে রাখা ইত্যাদি।

উপরোক্ত আলোচনাটি শিক্ষক মহাশয়ের কর্তব্য সংক্রান্ত একটি রূপরেখা মাত্র। কিন্তু একথা ঠিক যে, শিক্ষকের দায়িত্ব এতটাই গভীর ও বিস্তৃত যে তাকে কোনো রূপরেখা দ্বারা চিহ্নিত করা যায় না। শিক্ষকের মূল কর্তব্য হল ছাত্রছাত্রীদের সর্বাঙ্গীণ বিকাশে সহায়তা করা। তাই বলা যায়, তিনিই আদর্শ শিক্ষক যিনি সবসময় ছাত্রছাত্রীদের কথাই ভাবেন।

Scanned with CamScanner

## 2.1.9. শিক্ষকের পেশাগত দায়বদ্ধতা (Accountability of Teacher)

শিক্ষকের পেশাগত দায়বদ্ধতার ক্ষেত্রগুলি হল—শিক্ষার্থী, অভিভাবক, উর্ধ্বতন কর্তৃপক্ষ ও সমাজ। ওই ক্ষেত্রগুলিতে শিক্ষকের দায়বদ্ধতার দিকটি এখানে আলোচিত হল।

Scanned with CamScanner

ছাত্রদের প্রতি দায়বদ্ধতা (Obligations to students)

1. শিক্ষক ছাত্রছাত্রীদের পর্যবেক্ষণ করবেন এবং তাঁদের মধ্যে থেকে দু... ছাত্রছাত্রীদের চিহ্নিত করবেন। এরপর প্রয়োজন অনুযায়ী ওই দুর্বল বা পিছি... পড়া ছাত্রছাত্রীদের যথাসাধ্য সাহায্য করবেন।
2. শিক্ষার্থীদের স্বাধীন চিন্তন এবং স্বনির্ভর হতে সহায়তা করার জন্য তিনি দায়বদ্ধ
3. শিক্ষার্থীদের ক্ষমতা, আগ্রহ, চাহিদা অনুযায়ী তাদের জীবন বিকাশে সহায়তা করবে

অভিভাবকদের প্রতি দায়বদ্ধতা (Obligations to parents)

1. ছাত্রছাত্রীদের গৃহের সঙ্গে বিদ্যালয়ের সুসম্পর্ক স্থাপন করতে তিনি দায়বদ্ধ। গৃহের পরিবেশ পঠনপাঠনের উপযোগী কিনা সেই বিষয়ে শিক্ষার্থীর পিতামাতাকে তিনি প্রয়োজনীয় নির্দেশ দেবেন।
2. শিক্ষার্থীদের অগ্রগতি সম্বন্ধে অভিভাবকদের অবগত করাবেন।

সমাজের প্রতি দায়বদ্ধতা (Obligations to society)

1. সমাজের উন্নয়নের জন্য নিজেকে উৎসাহিত করবেন।
2. সমাজে পিছিয়ে পড়া ব্যক্তিদের মধ্যে শিক্ষার আলো পৌঁছে দিতে তিনি দায়বদ্ধ।
3. সুনাগরিক তৈরি করতে তিনি বদ্ধপরিকর।
4. সমাজের কোনো বিশেষ অংশের কার্যকলাপে বিদ্যালয়ের কার্যাবলি বাধাপ্রাপ্ত হলে তিনি তা প্রতিরোধ করার চেষ্টা করবেন।

উর্ধ্বতন কর্তৃপক্ষের প্রতি দায়বদ্ধতা (Obligations to higher authority)

1. বিদ্যালয়ের সমস্ত কার্য যথাযথ উপায়ে (Proper channel) সম্পাদন, যেমন— তিনি যদি কোথাও দরখাস্ত করতে চান তাহলে কর্তৃপক্ষের অনুমোদন নেওয়া তাঁর কর্তব্য।
2. যদি কোনো কারণে বিদ্যালয় ছেড়ে অন্য কোনো কাজে যোগদান করতে চান তাহলে কর্তৃপক্ষকে যথাসময়ে অবগত করতে তিনি দায়বদ্ধ।
3. বিদ্যালয়ের সমস্ত কর্ম কর্তৃপক্ষের গোচরে আনা। )

Scanned with CamScanner